

স্মারক নম্বর: ৪৩.২৬.৪৭০০.০০১.২৩.০২৩.১৭.৫০৪

তারিখ: ১৯ পৌষ ১৪২৮

০৩ জানুয়ারি ২০২২

বিষয়: মুজিববর্ষ ও স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে খুলনা'র বইমেলায় প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটির উদ্যোগে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সার্বিক ব্যবস্থাপনায়, স্থানীয় সরকার বিভাগের সহযোগিতায় এবং জেলা প্রশাসন, খুলনার বাস্তবায়নে সারাদেশব্যাপী আয়োজিত কর্মসূচির অংশ হিসেবে ৩০ ডিসেম্বর, ২০২১খ্রি. থেকে ২ জানুয়ারি, ২০২২খ্রি. পর্যন্ত ৪ দিনব্যাপী স্বাস্থ্যবিধি মেনে বিকাল ৩.০০টা থেকে রাত ৯.০০টা পর্যন্ত শহীদ হাদিস পার্ক প্রাঙ্গণে 'বঙ্গবন্ধু ও স্বাধীনতা বইমেলা, খুলনা' সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। খুলনা জেলার বইমেলায় ৭টি সরকারি প্রতিষ্ঠান, ১০টি বেসরকারি প্রতিষ্ঠান এবং ৩০টি পুস্তক ব্যবসায়ীগণসহ মোট ৪৭টি স্টল অংশগ্রহণ করেছেন। উক্ত বইমেলায় প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতির জন্য এ সাথে প্রেরণ করা হলো।

উদ্বোধনী অনুষ্ঠান:

খুলনার প্রাণকেন্দ্র শহীদ হাদিস পার্ক প্রাঙ্গণে ৩০.১২.২০২১খ্রি. তারিখ বিকাল ৩.৩০মিনিটে বেলা উড়িয়ে ও প্রদীপ জ্বালিয়ে বইমেলা উদ্বোধন করেন খুলনা সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র জনাব তালুকদার আব্দুল খালেক। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন খুলনার জেলা প্রশাসক জনাব মোঃ মনিরুজ্জামান তালুকদার। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা পরিষদ খুলনার মাননীয় চেয়ারম্যান জনাব শেখ হারুনুর রশীদ, খুলনা প্রেসক্লাবের সভাপতি জনাব এস এম জাহিদ হোসেন, খুলনা মহানগর মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক মো: আলমগীর কবির। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন খুলনা বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক ড. মো: আহছান উল্লাহ। বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা, স্টল মালিক, সাংবাদিক, স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী, কাবি, লেখক উপস্থিত ছিলেন। অতিথিগণ তাঁদের বক্তব্যে বলেন- বইমেলা আয়োজনের মাধ্যমে নতুন প্রজন্মকে জাতির সঠিক ইতিহাস জানান দেয়াসহ আলোকিত, জ্ঞাননির্ভর, বইপড়ার প্রতি আগ্রহ বৃদ্ধি, সংস্কৃতিমনস্ক মানবিক বাংলাদেশ বিনির্মাণে এ বইমেলা সহায়ক ভূমিকা পালন করবে। তাঁরা আরও বলেন- সৃজনশীলতার একটি বড় উৎস বঙ্গবন্ধু। যে কারণে মুজিববর্ষে বঙ্গবন্ধুকে নিয়ে হাজার হাজার বই প্রকাশিত হয়েছে। বঙ্গবন্ধু সৃজনশীলতাকে জাতির মাঝে বিশেষ করে নতুন প্রজন্মের নিকট ছড়িয়ে দিতে বঙ্গবন্ধু ও স্বাধীনতা বইমেলা গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। প্রতিদিন আলোচনা সভা, আবৃত্তি, বিতর্ক প্রতিযোগিতা ও খুলনার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের পরিবেশনায় জেলা শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

৩১.১২.২০২১খ্রি. ও ০১.০১.২০২২খ্রি. তারিখ বইমেলা প্রাঙ্গণে আলোচনা সভা, আবৃত্তি, বিতর্ক প্রতিযোগিতা ও খুলনার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রছাত্রীদের পরিবেশনায় জেলা শিল্পকলা একাডেমির ব্যবস্থাপনায় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়েছে। ৩১.০১.২০২২খ্রি. তারিখ প্রহৃত্ত অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব রতন চন্দ্র পন্ডিত মহোদয় বইমেলা পরিদর্শন করেন এবং বইমেলায় সার্বিক বিষয় নিয়ে মেলামাথে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

সমাপনী অনুষ্ঠান:


৪ দিনব্যাপী 'বঙ্গবন্ধু ও স্বাধীনতা বইমেলা, খুলনা' এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা'র বিভাগীয় কমিশনার জনাব মোঃ ইসমাইল হোসেন এনডিসি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনা মেট্রোপলিটন পুলিশের অতিরিক্ত পুলিশ কমিশনার জনাব সরদার রাকিবুল ইসলাম, খুলনা সরকারি ব্রজলাল কলেজের সম্মানিত অধ্যক্ষ প্রসেফর শরীফ আতিকুজ্জামান, খুলনা মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এমডি বাবুল রানা। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন খুলনার জেলা প্রশাসক জনাব মোঃ মনিরুজ্জামান তালুকদার। এছাড়াও বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা, স্টল মালিক, সাংবাদিক,

স্কুল-কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রী উপস্থিত ছিলেন। সভায় প্রধান অতিথি নতুন প্রজন্মকে আলোকিত মানুষ হতে পাঠ্যপুস্তকের পাশাপাশি সৃজনশীল ও জ্ঞানভিত্তিক বইপড়া ও পাঠাভ্যাস বৃদ্ধির উপর গুরুত্বারোপ করেন। বইমেলায় স্থানীয় লেখক, কবি-সাহিত্যিকদের উৎসাহিত করার জন্য মেলামঞ্চে তাদের নতুন প্রকাশিত বইয়ের মোড়ক উন্মোচন করা হয়। আলোচনা অনুষ্ঠান শেষে বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার ও সনদ বিতরণ এবং শ্রেষ্ঠ ৩টি স্টল মালিককে শ্রেষ্ঠ স্টল হিসেবে ফ্রেস্ট প্রদান করা হয়। এবং সাংস্কৃতি অনুষ্ঠানে অংশগ্রহণকারী ৮টি শিক্ষা প্রতিষ্ঠানকে ফ্রেস্ট ও বই প্রদান করা হয়।

সংযুক্তি: ১। বইমেলার কার্যবিবরণী- ২ পাতা।

২। অনুষ্ঠানের ছবি- ৫ কপি।

৩। অংশগ্রহণকৃত স্টলের তালিকা-২ পাতা।



৩-১-২০২২

ড. মোঃ আহছান উল্লাহ

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপ-পরিচালক

ফোন: ০১৮১৭৬০৫৭৮৬

ফ্যাক্স: ০২৪৭৭৭০২৫৫৪

ইমেইল:

publiclibrarykhulna@gmail.com

মহাপরিচালক

গণগ্রন্থাগার অধিদপ্তর


স্মারক নম্বর: ৪৩.২৬.৪৭০০.০০১.২৩.০২৩.১৭.৫০৪/১

তারিখ: ১৯ পৌষ ১৪২৮

০৩ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, গণগ্রন্থাগার অধিদপ্তর



৩-১-২০২২

ড. মোঃ আহছান উল্লাহ

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপ-পরিচালক